

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ০৯

আগস্ট ২৬, ২০১৩
তারিখ : -----
ভদ্র ১১, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংকের ট্রেনিং ইন্সটিটিউটের অবকাঠামো ও গুণগতমান উন্নয়ন।

বিশ্বের ব্যাংকিং খাত বর্তমানে নানাবিধ চ্যালেঞ্জ মোকাবেলা করছে। চ্যালেঞ্জ মোকাবেলা করে প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে দক্ষ জনবলের বিকল্প নেই। মানবসম্পদ উন্নয়নে ব্যাংকের ট্রেনিং ইন্সটিটিউটগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। যথাযথ ও কার্যকর প্রশিক্ষণ প্রদানের জন্য প্রযুক্তিগত সুবিধাসহ ট্রেনিং ইন্সটিটিউটের অবকাঠামো উন্নত হওয়া আবশ্যিক। আপনাদের ব্যাংকের ট্রেনিং ইন্সটিটিউটের যথাযথ অবকাঠামো নিশ্চিতকরণ ও প্রশিক্ষণমান উন্নয়নে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় হবে:

- ১। ট্রেনিং ইন্সটিটিউটের প্রধান হবেন ব্যাংকের উর্ধ্বতন পর্যায়ের নিয়মিত বা চুক্তিভিত্তিক নিয়োজিত একজন পূর্ণকালীন কর্মকর্তা।
- ২। ট্রেনিং ইন্সটিটিউটে ফ্যাকাণ্ডি মেম্বারের সংখ্যা ব্যাংকের মোট কর্মবলের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।
- ৩। ট্রেনিং ইন্সটিটিউটে কমপক্ষে ০২টি ক্লাসরুম, ০১টি কম্পিউটার ল্যাব ও ০১টি ডাইনিং হল এবং সেশন পরিচালনার জন্য ক্লাসরুমে ইন্টারনেট কানেকশনসহ কম্পিউটার, প্রজেক্টর ইত্যাদি সরঞ্জাম থাকা বাঞ্ছনীয় হবে।
- ৪। ট্রেনিং ইন্সটিটিউট নিয়মিতভাবে ব্যাংকের Training Need Assessment করবে।
- ৫। ট্রেনিং ইন্সটিটিউট প্রত্যেক বছরের ডিসেম্বর মাসের মধ্যে পরবর্তী বছরের প্রশিক্ষণ বর্ষপঞ্জি প্রণয়ন করবে।
- ৬। ট্রেনিং ইন্সটিটিউট সাধারণভাবে নিজস্ব ফ্যাকাণ্ডি এবং অভ্যন্তরীণ রিসোর্স পারসন দ্বারা সেশন পরিচালনা করবে।
- ৭। ট্রেনিং ইন্সটিটিউট পরিচালনার সার্বিক বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত নীতিমালা থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০০৯৪